রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুন ১২, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/৩১ মে, ২০২৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও, নং ১৭৫-আইন/২০২৩।**—বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সনের ১৮ নং আইন) এর ধারা ৪৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই বিধিমালা হেলিপোর্ট ও এলিভেটেড হেলিপোর্ট স্থাপন ও পরিচালনা বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে ২১ (একুশ) দিন পর কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"এয়ার নেভিগেশন অর্ডার" বা "এএনও"** অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সনের ১৮ নং আইন) এর ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও;

(২) **"এলিভেটেড হেলিপোর্ট"** অর্থ ভূমিতে স্থাপিত এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও দ্বারা নির্ধারিত উচ্চতার অবকাঠামোর উপর নির্মিত হেলিপোর্ট;

(৩) **"কর্তৃপক্ষ"** অর্থ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ সনের ৩ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ;

(৪) **"চেয়ারম্যান"** অর্থ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ সনের ৩ নং আইন) এর ধারা ২ এর দফা (৪) এ সংজ্ঞায়িত চেয়ারম্যান;


**মূল্য :** টাকা ১২.০০

(৫) **"ব্যক্তি"** অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সনের ১৮ নং আইন) এর ধারা ২ এর দফা (৩৪) এ সংজ্ঞায়িত ব্যক্তি; এবং

(৬) **"হেলিপোর্ট"** অর্থ বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সনের ১৮ নং আইন) এর ধারা ২ এর দফা (৪১) এ সংজ্ঞায়িত হেলিপোর্ট।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, ক্ষেত্রমত, বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ (২০১৭ সনের ১৮ নং আইন) এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ (২০১৭ সনের ৩ নং আইন) তে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

৩। হেলিপোর্ট স্থাপনের শর্তাবলি।—(১) হেলিপোর্ট স্থাপনের জন্য কোনো ব্যক্তিকে নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ করিয়া চেয়ারম্যানের নিকট আবেদন করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) কোনো প্রতিষ্ঠান হেলিপোর্ট স্থাপন করিতে চাহিলে তাহাকে বাংলাদেশে নিবন্ধিত হইতে হইবে;

(গ) আবেদনকারী কোনো রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডের সহিত জড়িত থাকিতে পারিবেন না;

(ঘ) আবেদনকারী ঋণ-খেলাপি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান হইতে পারিবে না;

(ঙ) হেলিপোর্টে পরিকল্পিত পরিমাপের হেলিপ্যাড, হেলিকপ্টার পার্কিং, ট্যাক্সিওয়ে, হেলিপ্যাডের চতুর্দিকে অত্যাবশ্যকীয় নিরাপদ ও প্রতিবন্ধকতামুক্ত এলাকা, টার্মিনাল ও গুরুত্বপূর্ণ স্থাপনা বা যন্ত্রপাতি স্থাপনের জন্য নির্ধারিত পরিমাণ জমি আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে থাকিতে হইবে অথবা এতদ্‌সংক্রান্ত জমি ব্যবহারের চুক্তিপত্র বা প্রত্যয়নপত্র থাকিতে হইবে;

(চ) আবেদনপত্রে হেলিপোর্ট স্থাপনের জন্য অর্থের সংকুলানের বিস্তারিত বর্ণনা প্রদান করিতে হইবে;

(ছ) আবেদনের সহিত আয়কর প্রদানের হালনাগাদ সনদ প্রদান করিতে হইবে;

(জ) হেলিপোর্টে নির্মিতব্য অবকাঠামো সরকারের প্রচলিত ইমারত নির্মাণ বিধি-বিধান অনুসরণপূর্বক নির্মাণ করিতে হইবে;

(ঝ) বিদ্যমান কেপিআই নিরাপত্তা নীতিমালা অনুসরণপূর্বক হেলিপোর্ট নির্মাণ করিতে হইবে;

(ঞ) হেলিপোর্ট স্থাপনের জন্য যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক জনবল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত থাকিতে হইবে; এবং

(ট) জনস্বার্থে ও জরুরি প্রয়োজনে সরকারি প্রতিষ্ঠান বা সংস্থাকে হেলিপোর্ট ব্যবহারের সুযোগ প্রদানের অঙ্গীকারনামা আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা:—

(ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র;

(খ) জননিরাপত্তা বিভাগের অনাপত্তিপত্র;

(গ) সুরক্ষা সেবা বিভাগের অনাপত্তিপত্র;

(ঘ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র;

(ঙ) সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান, যেমন, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদের অনাপত্তিপত্র;

(চ) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) এর অনাপত্তিপত্র;

(ছ) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই) এর অনাপত্তিপত্র;

(জ) আবেদনকারী সংশ্লিষ্ট ভূমির মালিক না হইলে উক্ত ভূমির মালিক কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র; এবং

(ঝ) কেপিআই নীতিমালার বিধান অনুসারে অনাপত্তিপত্র।

(৩) চেয়ারম্যান উপ-বিধি (১) অনুযায়ী প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করিয়া অনধিক ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবেন।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে, সরকার অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে হেলিপোর্ট স্থাপনের অনুমতি প্রদান করিবে অথবা আবেদনটি নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত চেয়ারম্যানকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) চেয়ারম্যান উপ-বিধি (৪) অনুযায়ী অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আদেশ জারি করিয়া সরকারের সিদ্ধান্ত আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) উপ-বিধি (৫) অনুযায়ী আবেদনকারীকে সরকারি সিদ্ধান্ত অবহিত করিবার পর চেয়ারম্যান অনধিক ১২০ (একশত বিশ) কার্যদিবসের মধ্যে এয়ার নেভিগেশন অর্ডার বা এনএনও তে উল্লিখিত সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত মানদণ্ড বিবেচনা করিয়া আবেদনকারীকে হেলিপোর্ট নির্মাণ এবং প্রয়োজনীয় সুরক্ষা ও নিরাপত্তা বিষয়ক যন্ত্রাদি স্থাপনের অনুমোদন প্রদান করিবে।

(৭) হেলিপোর্ট নির্মাণের সময় সংশ্লিষ্ট সকল শর্ত এবং নকশা অনুসরণে হেলিপোর্ট স্থাপন করা হইতেছে কি না চেয়ারম্যান বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি, সময় সময়, উহা নিয়মিত পরিবীক্ষণ করিবে।

৪। **এলিভেটেড হেলিপোর্ট স্থাপনের শর্তাবলি।—(১)** এলিভেটেড হেলিপোর্ট স্থাপনের জন্য আবেদনকারীকে নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ করিয়া চেয়ারম্যানের নিকট আবেদন করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে;

(খ) আবেদনকারী কোনো রাষ্ট্রবিরোধী কর্মকান্ডের সহিত জড়িত থাকিতে পারিবেন না;

(গ) আবেদনকারীকে এলিভেটেড হেলিপোর্ট স্থাপন সংশ্লিষ্ট জমি, স্থাপনা বা অবকাঠামোর মালিক হইতে হইবে অথবা সংশ্লিষ্ট মালিকের নিকট হইতে অনুমতিপ্রাপ্ত হইতে হইবে বা অনাপত্তি গ্রহণ করিতে হইবে;

(ঘ) আবেদনপত্রে এলিভেটেড হেলিপোর্ট স্থাপনের জন্য অর্থের সংকুলানের বিস্তারিত বর্ণনা প্রদান করিতে হইবে;

(ঙ) ঋণ-খেলাপি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এলিভেটেড হেলিপোর্ট স্থাপনের আবেদন করিতে পারিবেন না;

(চ) আবেদনের সহিত আয়কর প্রদানের হালনাগাদ সনদ প্রদান করিতে হইবে;

(ছ) সংশ্লিষ্ট অবকাঠামো সরকারের প্রচলিত ইমারত নির্মাণ বিধি-বিধান অনুসরণপূর্বক নির্মিত হইতে হইবে;

(জ) এলিভেটেড হেলিপোর্টের হেলিকপ্টারসহ ভারবহনে সক্ষমতার প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে;

(ঝ) সংশ্লিষ্ট এলাকা হেলিকপ্টারের ফ্লাইট পরিচালনায় বিঘ্ন সৃষ্টিকারী অবকাঠামোমুক্ত হইতে হইবে এবং অবকাঠামো হইতে এলিভেটেড হেলিপোর্ট এর দূরত্ব, সংযোগ পথ, ইত্যাদি ইন্টারন্যাশনাল সিভিল এভিয়েশন অর্গানাইজেশন এর স্ট্যান্ডার্ড এন্ড রিকমেন্ডেড প্র্যাকটিস অনুযায়ী চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হইতে হইবে;

(ঞ) বিদ্যমান কেপিআই নিরাপত্তা নীতিমালা অনুসরণপূর্বক এলিভেটেড হেলিপোর্ট নির্মাণ করিতে হইবে;

(ট) এলিভেটেড হেলিপোর্ট শুধুমাত্র সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সময়কালের মধ্যে পরিচালিত হইবে; এবং

(ঠ) জনস্বার্থে ও জরুরি প্রয়োজনে সরকারি প্রতিষ্ঠান বা সংস্থাকে এলিভেটেড হেলিপোর্ট ব্যবহারের সুযোগ প্রদানের অঙ্গীকারনামা আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করিতে হইবে, যথা:—

(ক) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র;

(খ) জননিরাপত্তা বিভাগের অনাপত্তিপত্র;

(গ) সুরক্ষা সেবা বিভাগের অনাপত্তিপত্র;

(ঘ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র;

(ঙ) সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠান, যেমন, সিটি কর্পোরেশন, পৌরসভা, ইউনিয়ন পরিষদের অনাপত্তিপত্র;

(চ) প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) এর অনাপত্তিপত্র;

(ছ) জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই) এর অনাপত্তিপত্র; এবং

(জ) কেপিআই নীতিমালার বিধান অনুসারে অনাপত্তিপত্র;

(ঝ) আবেদনকারী সংশ্লিষ্ট স্থাপনা বা অবকাঠামোর মালিক না হইলে উহার মালিক কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র; এবং

(ঞ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত অবকাঠামোগত নকশা ও ভারবহন সক্ষমতার প্রত্যয়নপত্র।

(৩) চেয়ারম্যান উপ-বিধি (১) অনুযায়ী প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করিয়া অনধিক ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ করিবে।

(৪) উপ-বিধি (৩) অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাক্রমে, সরকার অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে এলিভেটেড হেলিপোর্ট স্থাপনের অনুমতি প্রদান করিবে অথবা আবেদনটি নামঞ্জুর করিবে এবং উক্ত সিদ্ধান্ত চেয়ারম্যানকে লিখিতভাবে অবহিত করিবে।

(৫) চেয়ারম্যান উপ-বিধি (৪) অনুযায়ী অবহিত হইবার অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আদেশ জারি করিয়া সরকারের সিদ্ধান্ত আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) উপ-বিধি (৫) অনুযায়ী আবেদনকারীকে সরকারি সিদ্ধান্ত অবহিত করিবার পর চেয়ারম্যান অনধিক ১২০ (একশত বিশ) কার্যদিবসের মধ্যে এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও তে উল্লিখিত সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত মানদণ্ড অনুযায়ী আবেদনকারীকে এলিভেটেড হেলিপোর্ট নির্মাণ এবং প্রয়োজনীয় সুরক্ষা ও নিরাপত্তা বিষয়ক যন্ত্রাদি স্থাপনের অনুমোদন প্রদান করিবে।

(৭) এলিভেটেড হেলিপোর্ট নির্মাণের সময় সংশ্লিষ্ট সকল শর্ত এবং নকশা অনুসরণে উক্ত এলিভেটেড হেলিপোর্ট স্থাপন করা হইতেছে কি না চেয়ারম্যান বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধি, সময় সময়, উহা নিয়মিত পরিবীক্ষণ করিবে।

৫। **লাইসেন্স প্রদান**।—(১) হেলিপোর্ট বা, ক্ষেত্রমত, এলিভেটেড হেলিপোর্ট পরিচালনার লাইসেন্সের আবেদন, লাইসেন্স ইস্যু, লাইসেন্সের মেয়াদ, লাইসেন্স নবায়ন, ইত্যাদি এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও অনুযায়ী নির্ধারিত হইবে।

(২) বিধি ৩ অনুযায়ী হেলিপোর্ট বা, ক্ষেত্রমত, বিধি ৪ অনুযায়ী এলিভেটেড হেলিপোর্ট স্থাপন কার্য সম্পন্ন হইবার পর হেলিপোর্ট বা, ক্ষেত্রমত, এলিভেটেড হেলিপোর্ট স্থাপনকারীকে হেলিপোর্ট বা, ক্ষেত্রমত, এলিভেটেড হেলিপোর্ট পরিচালনার লাইসেন্সের জন্য এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চেয়ারম্যানের নিকট আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত আবেদন অনধিক ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে যাচাই-বাছাই করিয়া চেয়ারম্যান সংশ্লিষ্ট আবেদনকারীকে হেলিপোর্ট বা, ক্ষেত্রমত, এলিভেটেড হেলিপোর্ট পরিচালনার জন্য লাইসেন্স প্রদান করিবেন অথবা যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করিয়া ও সুনির্দিষ্ট লিখিত কারণ উল্লেখপূর্বক আবেদনটি বাতিল করিবেন।

৬। **লাইসেন্স স্থগিত, প্রত্যাহার, বাতিল, ইত্যাদি।**—(১) লাইসেন্সি লাইসেন্সের শর্ত ভঙ্গ করিলে চেয়ারম্যান উক্ত লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিল করিতে পারিবেন।

(২) বিধি ১১ এর উপ-বিধি (২) এ উল্লিখিত সেবা ৬ (ছয়) মাসের অধিক সময় কর্তৃপক্ষ কর্তৃক প্রদান করিবার প্রয়োজন হইলে লাইসেন্সি হেলিপোর্ট পরিচালনায় অসমর্থ বলিয়া গণ্য হইবে এবং চেয়ারম্যান লাইসেন্সির লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবেন।

(৩) বিধি ১১ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত কর্তৃপক্ষের কোনো পাওনা যথাসময়ে পরিশোধে ব্যর্থতার কারণে চেয়ারম্যান লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিল করিতে পারিবে।

(৪) লাইসেন্স স্থগিত, প্রত্যাহার বা বাতিল, ইত্যাদির ক্ষেত্রে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ১১ এর বিধান অনুসরণ করিতে হইবে।

৭। **আকাশসীমা।**—(১) কোনো হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনার আকাশসীমা উক্ত হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্টের জন্য এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও অনুযায়ী নির্ধারিত আকাশসীমার মধ্যে সীমাবদ্ধ থাকিবে:

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যানের অনুমোদন গ্রহণ করিয়া উক্ত আকাশসীমার বাহিরে হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনা করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আকাশসীমার মধ্যে ভূমিতে অবস্থিত বা স্থাপিতব্য সংশ্লিষ্ট অবকাঠামোর উচ্চতা, সময় সময়, চেয়ারম্যান নির্ধারণ করিবেন এবং হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনাকারী প্রতিষ্ঠান হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্টের চতুর্দিকের অবকাঠামো পরিবীক্ষণ করিবে এবং প্রয়োজন অনুযায়ী চেয়ারম্যানকে অবহিত করিবে।

৮। **নিরাপত্তা শর্তাবলি।**—(১) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট এর নিরাপত্তা ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় যন্ত্র স্থাপন ও অপারেশন সংক্রান্ত কার্যক্রম এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও তে উল্লিখিত পদ্ধতি অনুযায়ী পরিচালনা করিতে হইবে।

(২) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট এলাকায় হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনার সহিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও যাত্রীকে এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও তে উল্লিখিত নিরাপত্তা তল্লাশী প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রবেশ করিতে হইবে।

৯। **অগ্নি-নির্বাপক নির্দেশাবলি।**—(১) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট ব্যবহারকারী সকল হেলিকপ্টারের অগ্নি-নির্বাপণ ব্যবস্থা চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(২) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্টের অবকাঠামোর অগ্নি-নির্বাপণ ব্যবস্থা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৩) হেলিকপ্টারের অগ্নি-নির্বাপণ কাজের সহিত সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

১০। **এলিভেটেড হেলিপোর্ট এর ব্যবহার**।—এলিভেটেড হেলিপোর্ট উন্নত চিকিৎসা গ্রহণের লক্ষ্যে কোনো রোগীকে হেলিকপ্টারে এক স্থান হইতে অন্য স্থানে স্থানান্তর এবং এলিভেটেড হেলিপোর্ট ও হেলিকপ্টারের মালিকের কর্পোরেট উদ্দেশ্যে ব্যবহৃত হইবে।

১১। **কতিপয় সেবা পরিচালনা**।—(১) কোনো হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনাকারী কর্তৃপক্ষের নিকট হইতে হেলিকপ্টারের অবতরণ, উড্ডয়ন বা সুরক্ষাসহ সংশ্লিষ্ট অন্যান্য সেবা গ্রহণে ইচ্ছুক হইলে তাহাকে চেয়ারম্যানের নিকট লিখিতভাবে অনুরোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অনুরোধ পাইবার পর চেয়ারম্যান, সরকারের অনুমোদনক্রমে, হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনাকারীকে উক্ত সেবা প্রদান করিতে পারিবে।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত সেবা প্রদানের ব্যয়ভার হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট পরিচালনাকারী ত্রৈমাসিক ভিত্তিতে কর্তৃপক্ষকে অগ্রিম পরিশোধ করিবে।

১২। **এলিভেটেড হেলিপোর্ট পরিচালনার পদ্ধতি**।—**(১)** এলিভেটেড হেলিপোর্ট পরিচালনা বা ব্যবহারের ক্ষেত্রে এলিভেটেড হেলিপোর্ট অপারেটর কোনো এয়ার অপারেটর সার্টিফিকেটধারীর **(**হেলিকপ্টার**)** সহিত চুক্তি সম্পাদন করিতে পারিবে।

(২) এলিভেটেড হেলিপোর্টের ব্যবস্থাপনা, অপারেশন, পরিচালনা, সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদি চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী এলিভেটেড হেলিপোর্ট অপারেটর কর্তৃক প্রস্তুতকৃত মানসম্মত পরিচালনা পদ্ধতি (Standard Operating Procedure) অনুসারে পরিচালিত হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রণীত মানসম্মত পরিচালনা পদ্ধতিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিতে হইবে, যথা:—

(ক) এলিভেটেড হেলিপোর্ট এর ধরন;

(খ) সাধারণ ও জরুরি পরিচালন পদ্ধতি;

(গ) উদ্ধার ও অগ্নি-নির্বাপণ সংক্রান্ত তথ্যাবলি;

(ঘ) এলিভেটেড হেলিপোর্ট এর নকশা;

(ঙ) জরুরি পরিস্থিতি মোকাবিলার নির্দেশাবলি;

(চ) জরুরি অবস্থায় নিয়ন্ত্রণ কক্ষের সহিত যোগাযোগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম ও মোবাইল নম্বর;

(ছ) এলিভেটেড হেলিপোর্ট এর আশেপাশে কোনো প্রতিবন্ধকতা থাকিলে উহার বিবরণ;

(জ) এলিভেটেড হেলিপোর্ট এর সীমানা নির্দেশ ও আলোকিতকরণ;

(ঝ) হেলিকপ্টারের নিরাপদ উড্ডয়ন ও অবতরণ নিশ্চিতকরণের নিমিত্ত এবং জরুরি পরিস্থিতি মোকাবিলার জন্য নিকটবর্তী বিমানবন্দরের কন্ট্রোল টাওয়ার ও সংশ্লিষ্ট সংস্থার সহিত যোগাযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা; এবং

(ঞ) চেয়ারম্যান কর্তৃক, সময় সময়, প্রদত্ত অন্য কোনো বিষয়।

১৩। **জামানত, ফি, ইত্যাদি আদায়।**—(১) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট স্থাপন ও পরিচালনার জন্য প্রযোজ্য জামানত, ফি, ইত্যাদি এয়ার নেভিগেশন অর্ডার বা এএনও দ্বারা নির্ধারিত হইবে।

(২) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট স্থাপনকারী বা পরিচালনাকারী জামানত, ফি, ইত্যাদি ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, চালান বা কোনো ইলেকট্রনিক মাধ্যমে কর্তৃপক্ষকে প্রদান করিবে।

(৩) বিধি ৭ এ উল্লিখিত আকাশসীমার বাহিরে কার্যক্রম পরিচালনার জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে অ্যারোনটিক্যাল চার্জ বা ভাড়া হেলিকপ্টার পরিচালনাকারী, কর্তৃপক্ষের অনুকূলে পরিশোধ করিবে।

১৪। **পরিদর্শন।**—(১) হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট এর ব্যবস্থাপনা, পরিচালনা, সুরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত বিষয়াদি চেয়ারম্যান বা তদকর্তৃক মনোনীত কোনো কর্মকর্তা এবং সরকার কর্তৃক মনোনীত কোনো প্রতিনিধি প্রতি বৎসর অন্যূন ১ (এক) বার পরিদর্শন করিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিদর্শন ছাড়াও আকস্মিকভাবে যে কোনো সময় হেলিপোর্ট ও এলিভেটেড হেলিপোর্ট পরিদর্শন করা যাইবে।

(৩) পরিদর্শনের সময় লাইসেন্সি পরিদর্শনকারীকে হেলিপোর্ট বা এলিভেটেড হেলিপোর্ট এর সকল স্থাপনায় তাৎক্ষণিকভাবে প্রবেশের অনুমতি প্রদান এবং পূর্ণ সহযোগিতা প্রদান করিবে।

১৫। **অস্পষ্টতা দূরীকরণ।**—(১) এই বিধিমালায় যে সকল বিষয়াদি সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই বা উল্লেখ নাই, সে সকল বিষয়ে বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ ও বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭, উক্ত আইনসমূহের অধীন প্রণীত বিধি-বিধান এবং Civil Aviation Rules, 1984 এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

(২) এই বিধিমালায় উল্লিখিত কোনো বিধান কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে সরকার, উপ-বিধি (১) এ উল্লিখিত আইনসমূহের বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, প্রশাসনিক আদেশ দ্বারা বিষয়টি স্পষ্টীকরণ করিতে বা ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাম্মেল হোসেন**
সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd